

## ইসলামী ব্যাংক শিক্ষাবৃত্তি ২০১৬ (স্নাতক স্তর)

দেশের পিছিয়ে পড়া হতদরিদ্র জনগোষ্ঠীর মধ্য থেকে উঠে আসা অনেক মেধাবী শিক্ষার্থী একান্ত নিজের চেষ্টায় বিভিন্ন পরীক্ষায় সফলতার সাথে প্রতিকূলতাকে জয় করেছে। আমরা এসব সম্ভাবনাময় শিক্ষার্থীকে অভিনন্দন জানাই।

কল্যাণমুখী ব্যাংকিং ধারার প্রবর্তক ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড প্রতিষ্ঠাকাল থেকেই সামাজিক দায়বদ্ধতার আওতায় বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে শিক্ষাখাতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। এরই ধারাবাহিকতায় ২০১৬ সালে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের নিকট হতে বৃত্তির দরখাস্ত আহবান করা হচ্ছে :

### ১. আবেদনকারীর যোগ্যতা :

- ২০১৬ সালের এইচএসসি/ সমমান পরীক্ষায় জিপিএ-৫ (প্রতিবন্ধী শিক্ষার্থীদের ৪.৫) প্রাপ্ত
- স্নাতক/মেডিকেল কলেজ/বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং/ফাজিল/ সমমান শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থী
- শিক্ষার্থীকে সুবিধাবঞ্চিত ও অতি দরিদ্র পরিবারের সদস্য হতে হবে।
- আবেদনকারী অতি দরিদ্র, মেধাবী ও মুক্তিযোদ্ধার সন্তান হলে উল্লেখিত শর্তাদী পূরণ সাপেক্ষে বৃত্তির জন্য বিশেষভাবে বিবেচনা করা হবে। এক্ষেত্রে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা সংসদসহ যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরিত সনদপত্র প্রদান করতে হবে।

বৃত্তির পরিমাণ ও সময়কাল :

মাসিক বৃত্তি (টাকা)	প্রতি বছর শিক্ষা উপকরণ ও পোষাক এর জন্য (টাকা)	সময়কাল
মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়, ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় এবং বিভাগীয় শহরের শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ৪,৫০০/-এছাড়া অন্যান্য শিক্ষার্থী ৩০০০/-	৫,০০০/-	১. মেডিকেল/আর্কিটেকচার ০৫ (পাঁচ) বছর ২. স্নাতক (অনার্স) ০৪ (চার) বছর এবং ৩. ডিগ্রী ও ফাজিল ০৩ (তিন) বছর

### ২. আবেদনপত্রের সাথে যা জমা দিতে হবে :

- নম্বরপত্রসমূহের সত্যায়িত কপি
- ০২ (দুই) কপি (রজিন) সত্যায়িত ছবি
- বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরিত অধ্যয়নের প্রত্যয়নপত্র
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ওয়ার্ড কাউন্সিলর/চাকুরীজীবীদের ক্ষেত্রে চাকুরীদাতা কর্তৃক পিতা/মাতা/ অভিভাবকের পেশা উল্লেখপূর্বক মাসিক আয়ের সনদপত্র
- মুক্তিযোদ্ধার সন্তানদের পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি
- প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রতিবন্ধীতার সনদপত্রের সত্যায়িত কপি।

### ৩. বৃত্তির অন্যান্য শর্তাবলী :

- অন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান/ এনজিও/ সামাজিক প্রতিষ্ঠান থেকে বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রী ইসলামী ব্যাংকের বৃত্তির জন্য বিবেচিত হবে না
- তথ্য গোপনকারী কিংবা অসত্য তথ্য প্রদানকারী বৃত্তি পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে
- ২৫ জুলাই, ২০১৭ ইং তারিখের মধ্যে আবেদনকারীর শিক্ষা প্রতিষ্ঠানের নিকটস্থ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড - এর শাখায় জমা দিতে হবে। এ ক্ষেত্রে সরাসরি বা ডাকযোগে প্রধান কার্যালয়ে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
- ব্যাংক কর্তৃপক্ষ যুক্তিসঙ্গত কারণে যে কোন বৃত্তি বাতিল অথবা স্থগিত করার অধিকার সংরক্ষণ করবে।

শিক্ষাবৃত্তির অর্থ যাকাত তহবিল থেকে প্রদান করা হয়